গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর কার্যালয়
আশ্রয়ণ-২ প্রকল্প
তেজগাঁও, ঢাকা।
(www.ashrayanpmo.gov.bd)

আশ্রয়ণের অধিকার
শেখ হাসিনার উপহার

স্মারক নং- ০৩.০২.০০০০.৭০৩.১৪.২৫২.২০ -৮২৭

তারিখ: ১৩ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২৭ মার্চ ২০২১ খ্রিষ্টাব্দ

**বিষয় : মুজিববর্ষ উপলক্ষে একক গৃহ নির্মাণের জন্য ২০২০-২১ অর্থ বছরে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় ভূমি উন্নয়নে মাটির কাজ বাস্তবায়নের জন্য গমের বরাদ্দ আদেশ।**

সূত্র ঃ ১। ব্রাহ্মণবাড়িয়া জেলার স্মারক নং- ৩১.৪২.১২০০.০১২.৩১.০০৭.২১-৬৬৭ তারিখে ১৮/০৩/২০২১ খ্রি.
২। নাটোর জেলার স্মারক নং- ৩১.৪৩.৬৯০০.০১৫.২২.০৩১.২১-৫০৩ তারিখ ২২/০৩/২০২১ খ্রি.
৩। ঢাকা জেলার স্মারক নং- ০৫.৪১.২৬০০.০১২.৩৭.৭১৪.১৩-৬৩৬ তারিখ ২৪/০৩/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারক পত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের চাহিদার পরিপ্রেক্ষিতে আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় একক গৃহ নির্মাণ কাজ বাস্তবায়নের জন্য নিম্নে উল্লেখিত ছকের ৪ ও ৫ নং কলামের বর্ণনা অনুযায়ী খাদ্যশস্যের বরাদ্দ আদেশ প্রদান করা হল।

| ক্র. নং | জেলা | উপজেলা | বরাদ্দকৃত খাদ্যশস্যের পরিমাণ(গম) মে. টন | |
|---|---|---|---|---|
| | | | অংকে | কথায় |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | ঢাকা | দোহার, ধামরাই, কেরানিগঞ্জ, নবাবগঞ্জ | ৮০.০০০ | আশি দশমিক শূন্য শূন্য শূন্য |
| ২. | নাটোর | নাটোর সদর, লালপুর, বাগাতিপাড়া, গুরুদাসপুর, নলডাঙ্গা | ৫০.০০০ | পঞ্চাশ দশমিক শূন্য শূন্য শূন্য |
| ৩. | ব্রাহ্মণবাড়িয়া | সকল উপজেলা | ৭৫০.০০০ | সাতশত পঞ্চাশ দশমিক শূন্য শূন্য শূন্য |
| | | মোট = | ৮৮০.০০০ | আটশত আশি দশমিক শূন্য শূন্য শূন্য |

*(চাল: গম ১:১.৩৬)

০২। প্রকল্পের লক্ষ্যমাত্রা অর্জনের স্বার্থে সংশ্লিষ্ট জেলা প্রশাসক উপজেলা পর্যায়ে চাহিদার বিপরীতে উপ-বরাদ্দাদেশ জারি করবেন। উপ-পরিচালক, স্থানীয় সরকার, অতিরিক্ত জেলা প্রশাসকগণ জেলা প্রশাসকের পক্ষে সংশ্লিষ্ট উপজেলাসমূহের গমের চাহিদার উপযোগিতা সরেজমিনে পরিদর্শন করবেন। কোন অবস্থাতেই নদী ভাঙ্গনের হুমকি রয়েছে এমন জায়গা নির্বাচন ও উপ বরাদ্দ দেয়া যাবে না।

০৩। প্রকল্পের কাজ অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) জেলা প্রশাসকের পক্ষে তত্ত্বাবধান ও নিয়মিত পরিবীক্ষণ করবেন এবং অত্র কার্যালয়কে অবহিত করবেন।

০৪। উপ-বরাদ্দ প্রাপ্ত খাদ্যশস্যের বিপরীতে উপজেলা নির্বাহী অফিসারগণ প্রকল্পস্থান চিহ্নিত করে কাবিখা নীতিমালার ভিত্তিতে মাটির কাজের ড্রইং, ডিজাইন ও পরিমাণ নিরুপন করবেন। বর্ণিত প্রকল্পস্থান উপজেলা ম্যাপে চিহ্নিত করে প্রাক্কলনসহ তাঁর নিজ দপ্তরে সংরক্ষণ করবেন এবং ১ কপি জেলা প্রশাসক বরাবর প্রেরণ করে অত্র কার্যালয়কে অবহিত করবেন। মাটি ভরাটের ক্ষেত্রে প্রাক-জরিপ ও কর্মোত্তর জরিপ আবশ্যিকভাবে সম্পাদন করতে হবে (ছবিসহ) এবং উপজেলা নির্বাহী অফিসারকে সংরক্ষণ করতে হবে।

০৫। প্রকল্পের জন্য বরাদ্দকৃত খাদ্যশস্য দ্বারা বরাদ্দ প্রাপ্তির ১৫ দিনের মধ্যে মাটির কাজ সম্পাদন করতে হবে। মাটির কাজের অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৭(সাত) তারিখের মধ্যে আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

০৬। বর্ণিত প্রকল্পসমূহ দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির আওতায় "প্রকল্প গ্রহণ, প্রণয়ন, অনুমোদন, বাস্তবায়ন ও পরিবীক্ষণ পরিপত্র (ডিসেম্বর'২০১৪)" অনুসরণ করে বাস্তবায়ন করতে হবে।

০৭। উপর্যুক্ত প্রকল্পসমূহের অনুকূলে চলতি অর্থ বছরে ইতোমধ্যে অন্য কোন উৎস/সংস্থা হতে খাদ্যশস্য বরাদ্দ করা হয়ে থাকলে সে প্রকল্পের জন্য কোন খাদ্যশস্য ব্যবহার না করে বরাদ্দ আদেশ বাতিলের জন্য প্রস্তাব অত্র দপ্তরে প্রেরণ করতে হবে।

০৮। প্রকল্পের খাদ্যশস্যের সরবরাহ আদেশ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ জারি করবেন এবং সংযুক্ত ড্রয়িং ও ডিজাইন মোতাবেক কাজ সম্পাদন নিশ্চিতকরতঃ প্রকল্পের কাজ সমাপ্তির ৭(সাত) দিনের মধ্যে সমাপ্তি প্রতিবেদন আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করবেন।

০৯। ভরাটকৃত মাটি অবশ্যই স্পেসিফিকেশন মোতাবেক Compaction করতে হবে। কোনক্রমেই আলগা মাটিতে গৃহ নির্মাণ করা যাবে না। প্রকল্পস্থান অবশ্যই বন্যা লেভেলের উপরে থাকতে হবে।

১০। বরাদ্দপত্রের সঠিকতা যাচাই করার লক্ষ্যে প্রকল্প পরিচালকের স্বাক্ষরের সাথে `emboss' সীল মিলিয়ে দেখতে হবে।

১১। প্রাক-জরিপকালীন সময়ে প্রদর্শিত উৎস হতে মাটি সংগ্রহ করতে হবে। অন্যথায় কর্মোত্তর জরিপে পূর্ব নির্ধারিত লিড ও লিফট বিবেচনা করা হবে না।

১২। কাজ সমাপ্তির পর সংশ্লিষ্ট উপ-পরিচালক, স্থানীয় সরকার/অতিরিক্ত জেলা প্রশাসকের নেতৃত্বে কর্মোত্তর জরিপ সম্পাদন করতে হবে।

১৩। যে সকল প্রকল্পে বালি দ্বারা ভরাট করা হবে সে সকল প্রকল্পের চর্তুপার্শ্বে কমপক্ষে ৮ (আট) ফুট চওড়া (উপরের অংশ) করে মাটির রিং বাঁধ করতে হবে এবং বালি ভরাটের উপর কমপক্ষে ১ (এক) ফুট মাটি দ্বারা ফিলিং করতে হবে।

১৪। প্রকল্পের প্রাক-পরিমাপ ও চূড়ান্ত পরিমাপের সময় প্রকল্পের ছবি সংগ্রহ করে তা নথিতে সংরক্ষণ ও আশ্রয়ণ-২ প্রকল্প কার্যালয়ে প্রেরণ করতে হবে।

১৫। সরকারি প্রচলিত বিধি এবং উপর্যুক্ত নির্দেশাবলীর আলোকে মাটির কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল।


মোঃ মাহবুব হোসেন
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
☎ ৪৮১১২৬১৮
মোবাইলঃ-০১৭১১৫৬৪৬৬৬
ইমেইল-(ashrayanpmo@gmail.com)


জেলা প্রশাসক
ঢাকা/ নাটোর/ ব্রাহ্মণবাড়িয়া।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২/৯৩, মহাখালী বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৩। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, আব্দুল গণি রোড, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা/রাজশাহী/ চট্টগ্রাম।
৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/ নাটোর/ ব্রাহ্মণবাড়িয়া।
৬। উপজেলা পরিষদ চেয়ারম্যান,---------------------------------------------------------।
৭। উপজেলা নির্বাহী অফিসার,---------------------------------------------------------।
৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক,-------------------------------------------------------------।
৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা,-----------------------------------------------।
১০। অফিস কপি,------------------------------------------------------------------------।